

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৯২

আগরতলা, ১২ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪  
১৯ ও ২৬ এপ্রিল সরকারি ছুটি ঘোষণা

আসন্ন লোকসভা নির্বাচন ও ৭-রামনগর বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের উপনির্বাচন উপলক্ষে আগামী ১৯ এপ্রিল, ২০২৪ এবং ২৬ এপ্রিল, ২০২৪ ভোটদানের যোগ্য ভোটারগণ যথাসময়ে ভোটদান করতে পারেন সেজন্য ছুটি ঘোষণা করা হয়েছে। জনপ্রতিনিধিত্ব আইন ১৯৫১'র ১৩৫ বি ধারায় রাজ্যপাল এই দুদিন সবেতন ছুটি ঘোষণা করেছেন। সংশ্লিষ্ট নির্বাচন ক্ষেত্রের সরকারি অফিস, আদালত, আর্থিক প্রতিষ্ঠান সেদিন বন্ধ থাকবে এবং সেখানে যারা কর্মরত রয়েছেন তারা এই ছুটি ভোগ করতে পারবেন। তেমনি ফ্যাক্টরিজ অ্যাক্ট ১৯৪৮-এর আওতাধীন সমস্ত শিল্প কারখানার কর্মী / শ্রমিকরাও এই ছুটি ভোগ করতে পারবেন ভোটদানের জন্য। আবার যারা নিজের নির্বাচন ক্ষেত্রের বাইরে কোথাও কর্মরত রয়েছেন তারাও ভোটদানের সুবিধার্থে সেদিন বিশেষ ছুটি নিতে পারবেন। তবে কোনও কর্মচারির অনুপস্থিতির কারণে যদি তার কর্মক্ষেত্র মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয় তাহলে সেক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হবে না। ত্রিপুরা সরকারের সাধারণ প্রশাসন দপ্তরের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*